


যুগান্তর

বুয়েট ভিসির দেখা মিলল ৩৯ ঘণ্টা পর

প্রকাশ : ০৯ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



বিক্ষুব্ধ শিক্ষার্থীদের সঙ্গে মঙ্গলবার কথা বলছেন বুয়েট ভিসি অধ্যাপক সাইফুল ইসলাম। ছবি-যুগান্তর

আন্দোলনকারী শিক্ষার্থীদের বেঁধে দেয়া সময় শেষে বুয়েট ভিসি অধ্যাপক সাইফুল ইসলাম মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে শিক্ষার্থীদের সামনে হাজির হন। এর আগে শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে বুয়েটের প্রধান ফটকে তালা লাগিয়ে দেন।

এছাড়া শিক্ষার্থীরা ভিসির কার্যালয়, একাডেমিক ভবন, প্রশাসনিক ভবনেও তালা লাগিয়ে দেন। এরপর তারা ভিসি কার্যালয়ের সামনে অবস্থান নেন। শিক্ষার্থীরা সেখানে ‘হইহই রইরই ভিসি স্যার গেল কই’ বলে স্লোগান দেন। শিক্ষার্থীরা যখন ভিসির কার্যালয়ের সামনে অবস্থান নিচ্ছিলেন, তখন এক ছাত্রী সেখানে এসে বলেন, ভিসি ওই কার্যালয়ের ভেতরে অন্য শিক্ষকদের সঙ্গে বৈঠক করছেন। এর পরই ভিসি শিক্ষার্থীদের সামনে আসেন।

এ সময় ভিসি অধ্যাপক সাইফুল ইসলাম বলেন, ‘শিক্ষার্থীদের দাবির সঙ্গে আমি নীতিগতভাবে একমত। সমস্যা সমাধানের উপায় বের করা হচ্ছে। আমি কাজ করে যাচ্ছি।’

এ সময় তিনি শিক্ষার্থীদের প্রশ্নবাণে জর্জরিত হন। কিন্তু তিনি কোনো প্রশ্নেরই সুদৃষ্টিভাবে জবাব দিতে চাননি। শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের মধ্যে বারবার ঘুরেফিরে আসে যে, তিনি আবরারের জানাজায় যোগ দেননি কেন। শেরেবাংলা হলে রাতে পুলিশ জড়ো করা হয়েছিল কেন। এমন নানা প্রশ্ন এলেও ভিসি বারবার বলছিলেন, তিনি প্রশ্নের জবাব দিতে হাজির হননি। এ সময় তিনি দু’একবার উত্তেজিত হন।

পাশাপাশি আলোচনার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতিনিধি চান। তিনি এ সময় শিক্ষার্থীদের বলেন, তিনি শিক্ষার্থীদের জন্যই কাজ করছেন। সোমবার রাত ১টা পর্যন্ত তিনি অফিসে কাজ করেছেন। তিনি কী করছেন তা সরকারের সব মহল জানেন। ছাত্রছাত্রীদের যেটা ভালো হয় সেটাই তিনি করবেন।

তিনি শিক্ষার্থীদের অধৈর্য না হওয়ার আহ্বান জানিয়ে বলেন, তিনি শিক্ষার্থীদের জন্যই আছেন, থাকবেন। দাবি বাস্তবায়নের উপায় খোঁজা হচ্ছে। যত তাড়াতাড়ি সম্ভব দাবি বাস্তবায়ন করা হবে। বারবার চাপের মুখে তিনি কোনো আলটিমেটাম না দেয়ার পরামর্শ দেন শিক্ষার্থীদের।

এ সময় খুনি হিসেবে চিহ্নিতদের ছাত্রত্ব বাতিলের জন্য দাবি তুলছিলেন শিক্ষার্থীরা। কিন্তু ভিসি তাৎক্ষণিক জবাব দিচ্ছিলেন না। ফলে উভয়পক্ষে আলোচনা ভেঙে যায় এবং ভিসি নিজের দফতরে ফিরে যান। পরে শিক্ষার্থীরা পুনরায় ভিসির কার্যালয়ের সামনে অবস্থান নেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।